

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং: -৩৪.০১.০০০০.০৩৮.২০(অংশ-১).০২.২০১৬- ২৬২

তারিখ: ০৬ ফাল্গুন, ১৪২২বাং
১৮ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিঃ

বিষয়: রাজমিস্ত্রি (মেশন) প্রশিক্ষণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (২য় পর্যায় -১ম সংশোধিত)” [Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology (IMPACT) (Phase-2)(1st Revised)] শীর্ষক প্রকল্পের বায়োগ্যাস প্লান্ট নির্মাণে প্রশিক্ষিত রাজমিস্ত্রি তৈরির লক্ষ্যে স্থানীয় রাজমিস্ত্রিদের প্রশিক্ষণ প্রদানের জন্য ২০১৫-২০১৬ অর্থবছরের বাজেটে প্রতি উপজেলার জন্য ৯,৮৪৮/- (নয় হাজার আটশত আটচল্লিশ) টাকা বরাদ্দ রয়েছে। শীঘ্রই উপজেলা পর্যায়ে বরাদ্দ প্রদান করা হবে। উক্ত রাজমিস্ত্রি প্রশিক্ষণটি বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা যেতে পারে:

প্রশিক্ষণের নাম	: রাজমিস্ত্রি(মেশন) প্রশিক্ষণ।
অংশগ্রহণকারী	: স্থানীয় রাজমিস্ত্রি।
প্রশিক্ষণের মেয়াদ	: ০৭(সাত) দিন।
প্রতি উপজেলায় বরাদ্দ	: ৯,৮৪৮/-।
প্রশিক্ষণের সংখ্যা	: ১০(দশ) জন।

- উপজেলা বায়োগ্যাস সাব-এসিস্টেন্ট ইঞ্জিনিয়ার এবং অভিজ্ঞ রাজমিস্ত্রির তত্ত্বাবধানে বাস্তব বায়োগ্যাস প্লান্ট নির্মাণের মাধ্যমে প্রশিক্ষণটি বাস্তবায়িত হবে।
- এক্ষেত্রে প্রকল্পের আওতায় কোন গ্রাহকের বায়োগ্যাস প্লান্ট নির্মাণের কাজ(শুরু থেকে শেষ পর্যন্ত) প্রশিক্ষণার্থী রাজমিস্ত্রিকে সম্পৃক্ত করে প্রশিক্ষণটি বাস্তবায়িত করতে হবে।
- প্রতি প্রশিক্ষণার্থী রাজমিস্ত্রিকে পারিশ্রমিক(সম্মানি) বাবদ ০৭(সাত) দিনের জন্য ৯৮৪/- (নয়শত চৌরাশি) টাকা প্রদান করা হবে।
- প্রশিক্ষণটি বাস্তবায়নে ইমপ্যাক্ট(ফেজ-১) প্রকল্পের অভিজ্ঞ বায়োগ্যাস সাব-এসিস্টেন্ট ইঞ্জিনিয়ারদেরকে সম্পৃক্ত করা যেতে পারে।
- প্রশিক্ষণ শেষে ০১(এক) সপ্তাহের মধ্যে প্রশিক্ষণ প্রাপ্ত রাজমিস্ত্রিদের একটি তালিকা (ঠিকানা ও মোবাইল নম্বরসহ) প্রকল্প পরিচালকের নিকট প্রেরণ করতে হবে।

২। রাজমিস্ত্রিদের প্রশিক্ষণটি সুষ্ঠু ও যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্তে উপরোক্ত নির্দেশনার বিষয়ে আপনার সুচিন্তিত মতামত আগামী ২৪/০২/২০১৬ তারিখের মধ্যে ইমেইলঃ E-mail:pdimpactphase2dyd@gmail.com/ফ্যাক্সঃ ৯৫৭৮১০৪ যোগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। বিষয়টি অতীব জরুরী। মতামত প্রাপ্তির পর রাজমিস্ত্রি প্রশিক্ষণের বরাদ্দসহ নির্দেশনা প্রদান করা হবে।

প্রাপক,

১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

যুব উন্নয়ন অধিদপ্তর,-----উপজেলা
-----জেলা।

২। উপজেলা ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার, ইমপ্যাক্ট(ফেজ-২) প্রকল্প, যুব
উন্নয়ন অধিদপ্তর, -----উপজেলা
-----জেলা।

৩। উপজেলা বায়োগ্যাস সাব-এসিস্টেন্ট ইঞ্জিনিয়ার, , ইমপ্যাক্ট(ফেজ-২)
প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর,-----উপজেলা
-----জেলা।


সদয় অবগতি ও কার্যার্থেঃ

১। উপ পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,----- জেলা।

২। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।

৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৪। অফিস কপি।


(মোঃ আঃ হামিদ খান)
প্রকল্প পরিচালক
ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প
ফোন/ফ্যাক্স-৯৫৮৮৩৯২।
E-mail:pdimpactphase2dyd@gmail.com